

▶ ভিডিও

📷 ছবি

▶ ভিডিও

## পরীক্ষা

# প্রকৌশল গুচ্ছে উপস্থিতির হার ৮০ শতাংশ

সংবাদদাতা চট্টগ্রাম প্রকৌশল বিশ্ববিদ্যালয়



শেষ হয়েছে প্রকৌশল গুচ্ছের তিন বিশ্ববিদ্যালয়—চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট), খুলনা প্রকৌশল

By using this site, you agree to our Privacy Policy. OK

স্নাতক প্রথম বর্ষের সমন্বিত ভর্তি পরীক্ষা। রোববার সকাল ১০টা থেকে দুপুর সাড়ে ১২টা পর্যন্ত হয় অনুষ্ঠিত হয় ভর্তি পরীক্ষা।

এবারের ভর্তি পরীক্ষায় ক গ্রুপে উপস্থিতির হার ৮০ দশমিক ৩ শতাংশ এবং খ গ্রুপে উপস্থিতির হার ৭২ দশমিক ৭৩ শতাংশ। চুয়েট কেন্দ্রে ৬ হাজার ৬১৬ জন, কুয়েট কেন্দ্রে ৬ হাজার ৭৪৩ জন ও রুয়েট কেন্দ্রে মোট ৬ হাজার ৫৫৩ জন পরীক্ষার্থী ভর্তি পরীক্ষায় অংশ নেন।

ভর্তি পরীক্ষায় সংরক্ষিত আসনসহ চুয়েটের ৯৩১টি, কুয়েটের ১ হাজার ৬৫টি এবং রুয়েটের ১ হাজার ২৩৫টিসহ সর্বমোট ৩ হাজার ২৩১টি আসনের বিপরীতে মোট আবেদন জমা পড়ে ২২ হাজার ৮৬৮টি। ক গ্রুপে (ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ) মোট ২০ হাজার ৭৬০ জন এবং খ গ্রুপে (ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ এবং স্থাপত্য বিভাগ) মোট ২ হাজার ১০৮ জন শিক্ষার্থী ভর্তি পরীক্ষায় অংশ নিতে আবেদন করেন।

গুচ্ছ ভর্তি পরীক্ষার সমন্বয়ক কমিটির সভাপতি চুয়েটের পুরকৌশল বিভাগের অধ্যাপক সুদীপ কুমার পাল প্রথম আলোকে বলেন, ‘আমাদের সব ধরনের প্রস্তুতি আগে থেকেই ছিল। কোনো ধরনের অপ্রীতিকর ঘটনা ছাড়াই আমরা সুষ্ঠুভাবে ভর্তি পরীক্ষা সম্পন্ন করতে পেরেছি। উপস্থিতি নিয়েও আমরা সন্তুষ্ট।’

ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ করা হবে ১৮ মার্চ রাত ১০টায়।



প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন



 **prothomalo.com**

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান  
স্বত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো

By using this site, you agree to our Privacy Policy.